

ছাত্র-ছাত্রীদের প্রতি নির্দেশ ও তাদের কর্তব্য।



১) প্রত্যেক ছাত্রছাত্রীকে অবশ্যই বিদ্যালয়ের নির্দিষ্ট পোষাক পরে আসতে হবে। পোষাক নোংরা থাকলে বা ভিজে থাকলেও অন্য পোষাকে আসা যাবে না। প্রয়োজনে অনুপস্থিত থাকতে হবে। চুলে রঙকরে এবং বিকৃত হেয়ার ষ্টাইলে স্কুলে আসা যাবে না। কোনভাবেই মোটর সাইকেল/স্কুটার নিয়ে স্কুলে আসা যাবে না। ID Card গলায় ঝুলিয়ে রাখতে হবে।

২) ১০:৪০ মি: এর পর বিদ্যালয়ে প্রবেশ করা যাবে না।

৩) নিয়মিত বিদ্যালয়ে আসতে হবে। ৫০ শতাংশের নীচে উপস্থিতি হলে পরীক্ষায় বসতে দেওয়া হবে না।

৪) বিদ্যালয়ে আসার পর এবং ছুটি হওয়ার মধ্যে কোনো অবস্থাতে গেটের বাইরে যাওয়া যাবে না। কোনো গন্ডগোল এর আঁচ পেলেই নিজেরা জড়িত না হয়ে শিক্ষকদের জানাবো।

৫) একমাত্র অসুস্থ হলেই অনুমতি সাপেক্ষে আগে ছুটি দেওয়া হবে।

৬) ক্লাস মনিটরের অনুমতি ছাড়া ছাত্রছাত্রীরা ঘরের বাইরে বেরোবে না। প্রত্যেককে জলের বোতল বাড়ি থেকে নিয়ে আসতে হবে।

৭) একাদশ দ্বাদশ সহ সকল ছাত্রছাত্রী মোবাইল ফোন ছাড়া বিদ্যালয়ে আসবে। বিশেষ প্রয়োজনে শিক্ষক মহাশয়দের সাথে যোগাযোগ করবে। কারো কাছে মোবাইল পাওয়া গেলে মোবাইলটি বাজেয়াপ্ত করা হবে।

৮) ছাত্র-ছাত্রীরা ছুটির আগে পালানোর চেষ্টা করবে না।

৯) কেউ ক্লাসরুমে কাগজের টুকরো, খাবারের প্যাকেট বা নোংরা ফেলবে না। নিজেদের ক্লাসরুম নিজেরা পরিষ্কার রাখবে। মাঠে নির্দিষ্ট জায়গা ছাড়া ক্যারিবিয়োগ, কাগজ বা খাবার ফেলবে না। অথথা ট্যাপখুলে রেখে জল নষ্ট করবেনা। বিদ্যালয়কে প্লাস্টিক জঞ্জাল মুক্ত রাখতেই হবে। প্রয়োজনে প্লাস্টিক প্যাকেট পকেটে ঢুকিয়ে রেখে পরে যথাস্থানে ফেলতে হবে।

১০) ক্লাস শেষ হয়ে গেলে অবশ্যই সমস্ত পাখার সুইচ বন্ধ করবে। বিশেষ করে মনিটরদের এটা কর্তব্য।

১১) প্রত্যেক শিক্ষক শিক্ষিকাকে যথাযথ সম্মান দেখাবে।

১২) উচ্চমাধ্যমিকের মেয়েদের ক্লাস অফ থাকলে Common Room এ এসে বসতে হবে।

১৩) বিদ্যালয়ের ডেস্ক, বেঞ্চ, চেয়ার, টেবিল ও ফ্যান ইত্যাদির যত্ন নেবে। দেওয়ালে কোনো দাগ বা লেখা লিখবে না। বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের কাছে মন্দির বা মসজিদ এর সমতুল্য। এর সম্মান, পবিত্রতা ও সৌন্দর্যরক্ষা করা প্রত্যেকের দায়িত্ব।